



ঢাকা কাস্টমস্ এজেন্টস্ এসোসিয়েশন

Dhaka Customs Agents Association

ASSOCIATION BHABAN: 3/C, NEW BAILY ROAD, RAMNA, DHAKA, BANGLADESH, Phone : 02222225942

প্রচারপত্র নং ৬০/২০২২

তারিখ : ২৭/১০/২০২২ইং

“টেভার নীতিমালা”

= টেভারে অংশগ্রহণকারী সি এন্ড এফ এজেন্টগণের দৃষ্টি আকর্ষণ =

Govt. Reg. No.-2960

HEAD OFFICE

&

MAILING ADDRESS

3/C, New Baily Road

Ramna, Dhaka.

Phone: 88 02222225942

PABX: 48312757, 48317328

E-mail: dcaa.2009@gmail.com

Website: www.dcaadhaka.org

BRANCH OFFICE

AIR FREIGHT UNIT OFFICE

C & F Bhaban

Hazrat Shahjalal Int'l Airport

Kurmitola, Dhaka-1230

CUSTOM HOUSE OFFICE

Custom House (1st Floor),

Kurmitola, Dhaka.

Phone: 8901240

ASYCUDA WORLD OFFICE

Custom House (G.F)

Hazrat Shahjalal Int'l Airport

Kurmitola, Dhaka.

Phone: 8901242, 8901331

ICD KAMALAPUR OFFICE

Custom House, ICD,

Kamalapur, Dhaka-1000

Phone: 58311105, 48311584

SAVAR OFFICE

DEPZ Customs Station,

Ganakbari, Savar, Dhaka.

Phone: 996689434

ADAMZEE OFFICE

Adamzee EPZ Customs Station

Siddirganj, Narayanganj

PANGAON OFFICE

Pangaon Custom House

Pangaon, Keraniganj

Dhaka

সম্মানিত সদস্যবৃন্দ,

আসসালামু আলাইকুম।

এসোসিয়েশনের সদস্যদের বৃহত্তর স্বার্থে ন্যূনতম বাধ্যতামূলক সর্বনিম্ন সিএন্ডএফ কমিশন হার, পরিবহণ ভাড়া ও লোডিং/আনলোডিং হার সংক্রান্ত প্রচারপত্র নং-০৪/২০১৩ তারিখ : ১২/০১/২০১৩ইং ইতোপূর্বে জারী করা হয়েছে, যা বর্তমানেও কার্যকর আছে। বিগত কার্যকরী পরিষদ উক্ত হার বাস্তবায়নে কার্যতঃ কোন পদক্ষেপ গ্রহণ করেননি। ফলে সিএন্ডএফ এজেন্টবৃন্দ উক্ত হার অমান্য করে বিভিন্ন সরকারী, আধা-সরকারী ও স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের টেভারে অংশগ্রহণ করে কার্যক্রম পরিচালনার মাধ্যমে এক ধরনের অসুস্থ প্রতিযোগিতায় মেতে উঠেছেন, যা কোন ভাবেই গ্রহণযোগ্য নহে। এহেন অবস্থা থেকে পরিত্রাণের লক্ষ্যে বর্তমান কার্যকরী পরিষদ এসোসিয়েশন কর্তৃক প্রণীত টেভার নীতিমালা বাস্তবায়ন তথা অসুস্থ প্রতিযোগিতা রোধকল্পে কার্যকর পদক্ষেপ গ্রহণে কঠোরভাবে বদ্ধপরিকর। কিন্তু বর্তমানেও পরিলক্ষিত হচ্ছে সম্মানীত সদস্যগণ এসোসিয়েশনের সদস্যদের বৃহত্তর স্বার্থে ন্যূনতম বাধ্যতামূলক সর্বনিম্ন সিএন্ডএফ কমিশন হার, পরিবহণ ভাড়া ও লোডিং/আনলোডিং হার সংক্রান্ত প্রচারপত্র নং-০৪/২০১৩ তারিখ : ১২/০১/২০১৩ইং মানছেন না এবং এ ব্যাপারে টেভারে অংশগ্রহণকারী প্রতিষ্ঠান সমূহের ব্যক্তিগত এসোসিয়েশনকে কোন ধরনের সহযোগিতা করছেন না বলে প্রতীয়মান। আমরা আবগত হয়েছি যে, এসোসিয়েশনের টেভার নীতিমালাকে বৃদ্ধাঙ্গুলী দেখিয়ে কিছু সংখ্যক সিএন্ডএফ এজেন্ট টেভার নীতিমালাকে মূল্যায়ন না করে কাজ পাওয়ার সুবিধার্থে সুবিধামতো দর বসিয়ে টেভারে অংশগ্রহণ করছেন, যা মোটেই কাম্য নয়। বর্তমান কার্যকরী পরিষদ গঠনতন্ত্রের প্রতি শ্রদ্ধাশীল এবং সকল সিএন্ডএফ এজেন্টদের ন্যায্য অধিকার শতভাগ সংরক্ষণ নিশ্চিত করার লক্ষ্যে বদ্ধপরিকর এবং অঙ্গিকারাবদ্ধ। কোন সিএন্ডএফ এজেন্ট এসোসিয়েশনের টেভার নীতিমালাকে মূল্যায়ন না করে বা উপেক্ষা করে কমিশন হার ভঙ্গ করে অনিয়মের মাধ্যমে টেভারে অংশগ্রহণ করলে অত্র এসোসিয়েশন কোন ভাবেই তা বরদাস্ত করবে না।

তাই আলোচ্য পত্র জারির পরও যদি কেহ এসোসিয়েশনের টেভার নীতিমালা বা সিএন্ডএফ কমিশন হার ভঙ্গ করে টেভারে অংশগ্রহণ করেন এবং এ বিষয়ে কোন ধরনের অভিযোগ পাওয়া গেলে ঐ সিএন্ডএফকে শুনানী বা আত্মপক্ষ সমর্থনের সুযোগ ব্যতিরেকে এসোসিয়েশনের গঠনতন্ত্র মোতাবেক একতরফাভাবে অভিযোগ নিষ্পত্তির পদক্ষেপ গ্রহণ করবে। এ সংক্রান্ত বিষয়ে কারোও কোন আপত্তি বা দাবী গ্রহণযোগ্য হবে না। বিষয়টি সকলকে সতর্ক করা হলো।

অতএব, ঢাকা কাস্টমস্ এজেন্টস্ এসোসিয়েশনের বাধ্যতামূলক সর্বনিম্ন কমিশন হার, পরিবহণ ভাড়া ও লোডিং/আনলোডিং হার সংক্রান্ত প্রচারপত্র নং-০৪/২০১৩ তারিখ : ১২/০১/২০১৩ইং কঠোরভাবে মেনে বিভিন্ন সরকারী, আধা-সরকারী ও স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের টেভারে সিএন্ডএফ এজেন্টবৃন্দকে অংশগ্রহণ করার জন্য অনুরোধ জানাচ্ছি। এ বিজ্ঞপ্তির পর সকল সম্মানীত সদস্য টেভার নীতিমালা প্রতিপালনে ঐক্যবদ্ধ থাকবেন, অন্যথায় টেভার নীতিমালা ভঙ্গকারী সংশ্লিষ্ট সিএন্ডএফ এজেন্টদের বিরুদ্ধে গঠনতন্ত্র মোতাবেক শাস্তিমূলক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে বর্তমান কার্যকরী পরিষদ বদ্ধপরিকর। সকলের সার্বিক সহযোগিতা একান্তভাবে কামনা করছি।

ধন্যবাদান্তে,


(মোহাম্মদ শাহজাহান)

সাধারণ সম্পাদক(ভারপ্রাপ্ত)

ফোন : ০১৭১১-১১১১৫২